আরো খবর

করোনা নিয়ে ফের সতর্কতা মুখ্যমন্ত্রীর সংক্রমণ বাড়ার লক্ষণ, মাস্ক পরার পরামর্শ

সুখবর ব্যুরো, কলকাতা: কোভিড নিয়ে ফের সতর্ক করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। রাজ্যে কোভিড পরিস্থিতি অনেক ভালো হয়ে গেলেও গত কয়েকদিনে ফের সংক্রমণ বাড়ার লক্ষণ দেখা যাচ্ছে। রাজ্যবাসীকে মাস্ক পরার পরামর্শ দিয়েছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'সবাই মাস্ক পরুন। কোভিড বাংলায় নেই। যদি কোভিড আসে তাহলে আবার সবাই মিলে লড়াই করে কোভিডকে আমরা হারাব।' রাজ্যে বৃহস্পতিবার করোনা আক্রান্তর সংখ্যা ৩৪। বুধবার আক্রান্তর সংখ্যা ছিল ৫২। তবে ২দিন কারো মৃত্যু হয়নি।

শ্লীলতাহানির মামলায় ক্লিনচিট পেলেন নওয়াজউদ্দিন সিদ্দিকী

■ অভিনেতা নওয়াজউদ্দিন সিদ্দিকী

মুজফ্‌ফরনগর : শ্লীলতাহানির মামলায় নওয়াজউদ্দিন সিদ্দিকী ও তাঁর পরিবারকে ক্লিনচিট দিল উত্তর প্রদেশের মুজফ্‌ফরনগরের একটি আদালত। পুলিশকে এই মামলা বন্ধের আদেশ দেন বিশেষ পকসো আদালতের বিচারপতি সঞ্জীব কুমার তিওয়ারি। সেই সঙ্গে অভিযোগকারীকে আদালতে পেশ করার আদেশও দেন তিনি। আদালত নওয়াজউদ্দিন সিদ্দিকী, তাঁর ভাই মিনহাজউদ্দিন, ফয়াজউদ্দিন, আয়াজউদ্দিন ও তাঁর মা মেহরুন্নিসাকে ক্লিনচিট দিয়েছে। অভিযোগ, ২০১২ সালে একটি পরিবারের এক নাবালিকা সদস্যের শ্লীলতাহানি করেন মিনহাজউদ্দিন সিদ্দিকী। আর তাঁকে তাঁর পরিবারের সবাই সাহায্য করেছেন। তাঁদের বিরুদ্ধে মুম্বইয়ের ভারসোভা থানায় একটি এফআইআর হয়। পরে সেই মামলা সরিয়ে নিয়ে যাওয়া হয় উত্তর প্রদেশের মুজফফরনগরের বুধানা থানায়। ডেপুটি পুলিশ সুপার বিনয় গৌতম জানান, আদালতের আদেশ অনুসারে অভিযোগকারীকে আদালতে হাজির হওয়ার নির্দেশ দিয়েছে পুলিশ।

—পিটিআই

মহারাষ্ট্রে এসইউভি গাড়ি থেকে আটক ৮৯ তলোয়ার, গ্রেফতার ৪

মুম্বই : একটি এসইউভি গাড়িতে তল্লাশি চালিয়ে ৮৯টি তলোয়ার ও একটি ছোরা আটক করল পুলিশ। গ্রেফতার করল ৪ জনকে। এ ঘটনা ঘটেছে মহারাষ্ট্রের ধুলে জেলায়। বৃহস্পতিবার এ খবর জানান ধুলের পুলিশ সুপার প্রবীণকুমার পাতিল। বুধবার মুম্বই থেকে ৩০০ কিলোমিটার দূরে ধুলে শহরের শ্রীপুর এলাকায় মুম্বই-আগ্রা সড়কে পুলিশের একটি দল একটি গাড়ি থামায়। গাড়ির আরোহীদের জিজ্ঞাসাবাদ করে সন্দেহ হয় পুলিশের। তখন ওই গাড়িতে তল্লাশি চালায় পুলিশ। আটক করে ৮৯টি তলোয়ার ও একটি ছোরা। এ ঘটনার ৪ জনকে গ্রেফতার করা হয়। ধৃতদের নাম মহম্মদ শফিক (৩৫), শেখ ওরফে শেখ লতিফ (৩২), সৈয়দ নইম রহিম (২৯) ও কপিল দাভাদে (৩৫)। এরা সবাই জলনা জেলার বাসিন্দা বলে জানা গেছে। পুলিশ সুপার আরো জানান, মোটর ভেহিকেলস আইন ও অস্ত্র আইনে অভিযুক্তদের বিরুদ্ধে সোঙ্গির থানায় এফআইআর করেছে পুলিশ। তদন্ত শুরু হয়েছে।

—পিটিআই

পড়ার ব্যবস্থা পাকা হল

১ পাতার পর

যেতে বলছে। কিন্তু ইউক্রেনের পাশাপাশি ওই ২টি দেশেও যে তারা পড়ার সুযোগ পাবে তারও ঠিক নেই। ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা চিন্তা করেই মানবিক দৃষ্টিভঙ্গি থেকে তাদের এ রাজ্যে পড়াশোনা ও ইন্টার্নশিপের ব্যবস্থা করা হয়েছে বলে মুখ্যমন্ত্রীর জানান। পশু চিকিৎসার এক পড়ুয়াকে অ্যানিমেল ও ফিশারি সায়েন্স বিশ্ববিদ্যালয়ে ব্যবস্থা করে দেওয়া হয়েছে বলে, জানান মুখ্যমন্ত্রী। ৪২২ জন ইউক্রেন থেকে রাজ্যে ফিরে এসেছিলেন। তারমধ্যে ৪১২ জন ডাক্তারি পড়ুয়া, ৬ জন ইঞ্জিনিয়ারিং পড়ুয়া, পশু চিকিৎসায় ১ জন পড়ুয়া ও ৩ জন শ্রমিক। ৬ জন ইঞ্জিনিয়ারিং পড়ুয়াকে বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজে পড়াশোনার ব্যবস্থা করে দিয়েছে রাজ্য সরকার। তার মধ্যে ২জন পড়ুয়া কলেজে ভরতি হয়েছেন ও বাকি ৪ জনের ভরতি প্রক্রিয়া চলছে। দন্ত চিকিৎসার ৩ পড়ুয়ার মধ্যে ১জনকে কলকাতার সরকারি ডেন্টাল কলেজে ইন্টার্নশিপের ব্যবস্থা করে দেওয়া হয়েছে। বাকি ২ দ্বিতীয় বর্ষের পড়ুয়াকে সরকারি ডেন্টাল কলেজে অবজার্ভারশিপ ও প্রাক্টিক্যাল ক্লাস করার সুযোগ দেওয়া হয়েছে। পশু চিকিৎসার এক পড়ুয়াকে অ্যানিম্যাল ও ফিশারি সায়েন্স বিশ্ববিদ্যালয়ে ভরতির ব্যবস্থা করেছে সরকার। ৩ জন শ্রমিক ইউক্রেন থেকে রাজ্যে ফিরে এসেছিলেন। তাঁদের মধ্যে ২জনকে নদিয়ার জেলাশাসকের কার্যালয়ে অস্থায়ী চাকরি দেওয়া হয়েছে। তাঁদের পরিবার জাতীয় ব্যবসা শুরু করতে পারে সেজন্য লোনের ব্যবস্থা করবে রাজ্য সরকার। বাকি ১জন কাজের খোঁজে দুবাই চলে গেছেন বলে জানান মুখ্যমন্ত্রী।

ইউক্রেনে ডাক্তারি পড়ার মেয়াদ ৬ বছরের। ৪১২ জন ডাক্তারি পড়ুয়ার মধ্যে ষষ্ঠ বর্ষের ছাত্রছাত্রীর সংখ্যা ২৩। তাঁরা সরকারি মেডিক্যাল কলেজে নিয়ম অনুযায়ী ইন্টার্নশিপ করতে পারবে। চতুর্থ ও পঞ্চম বর্ষের মোট ১৩৫ জন পড়ুয়াকে বিভিন্ন মেডিক্যাল কলেজে অবজার্ভিং সিটের বন্দোবস্ত করা হয়েছে। দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ১৭২ জন ছাত্রছাত্রীকে বিভিন্ন মেডিক্যাল কলেজে প্রাক্টিক্যাল ক্লাস করার সুযোগ দেওয়া হবে। প্রথম বর্ষের ৭৮ জন পড়ুয়ার মধ্যে ৬৯ জন নিট পাস করেছে। তাঁদের বিভিন্ন বেসরকারি মেডিক্যাল কলেজে নতুন করে ভরতির জন্য কাউন্সেলিংয়ে বসার সুযোগ দেওয়া হবে। মুখ্যমন্ত্রী জানান, বেশিরভাগ পড়ুয়ার সমস্যার সমাধান করা হয়েছে। বাকি ৯ জন পড়ুয়ার বিষয় নিয়ে ভাবনাচিন্তা করছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী বলেন, 'দুর্যোগের মধ্যে দিয়ে ওরা ফিরে এসেছে। তাদের মানসিক অশান্তি দূর করার জন্য সরকার এই সিদ্ধান্ত নিয়েছে। যারা বাইরে পড়তে যায় তারা ফিরে এলে তাদের কে দেখবে? এটা মানবিক সরকারের মানবিক মুখ।'

দিল্লিতে পদ্মশ্রী বৃদ্ধকে পথে বসাল কেন্দ্র

১ পাতার পর

খালি করার জন্য একাধিক বার নোটিশও দেওয়া হয়েছে। সরকারি উচ্ছেদের নোটিশকে চ্যালেঞ্জ করে দিল্লি হাই কোর্টে মামলা করেন মোহিনীঅট্টম নৃত্যশিল্পী ভারতী শিবাজী, কুচিপুড়ি নৃত্যশিল্পী গুরু ভি জয়া রামা রাও, ওড়িশি নৃত্যশিল্পী গুরু মায়াধর রাউত, ধ্রুপদ গায়ক উস্তাদ এফ ওয়াশিফুদ্দিন দাগর, ভারতনাট্যম শিল্পী রানি সিঙ্ঘল, কথক শিল্পী গীতাঞ্জলি লাল, ঠুমরি গায়িকা তথা রবীন্দ্রসঙ্গীতশিল্পী গীতা ঘটকের বোন রীতা গঙ্গোপাধ্যায়, অভিনেত্রী নন্দিতা দাসের বাবা যতীন দাস, কে আর সুবন্নল কমল সাবরি, দেবরাজ দাকোজী, কমলিনী, পণ্ডিত ভজন সোপোরির মতো শিল্পীরা। সেই মামলায় তাঁরা হেরে যান। ২৫ এপ্রিলের মধ্যে ফ্ল্যাট খালি করার জন্য ফের তাঁদের কাছে নোটিশ পাঠানো হয়। শিল্পীর পরিবারের অভিযোগ, সেই মেয়াদ ফুরোতেই শুক্রবার নির্মমভাবে সাঙ্গ করা হল সরকারি উচ্ছেদ প্রক্রিয়া।

ঘটনার আকস্মিকতায় হতবাক হয়ে গেছে নবতিপর ওড়িশি নৃত্যশিল্পী গুরু মায়াধর রাউত ও তাঁর পরিজনরা। শিল্পীর মেয়ে ওড়িশি নৃত্যশিল্পী মধুমিতা রাউত কেন্দ্রকে নিশানা করে বলেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন কেন্দ্রের সরকারের আমলে কোনো শিল্পী যথাযথ সম্মান পান না। উচ্ছেদ আইনি হলেও যেভাবে তা করা হয়েছে এদিন তা অত্যন্ত অমানবিক ও আপত্তিকর। শিল্পীরা এই সরকারের কাছে খুব কম অগ্রাধিকার পান। এই সরকারের আমলে কোনো সাংস্কৃতিক নীতিই নেই। আমি উচ্ছেদের বিপক্ষে নই কিন্তু যে অমানবিকভাবে তা করা হয়েছে তা কোনোভাবেই মেনে নেওয়া যায় না। কাকতালীয়ভাবেই এদিন আমি বাবাকে খাবার দিতে তাঁর বাড়িতে গিয়েছিলাম। আমি যখন তাঁকে খাবার দিচ্ছিলাম তখন আচমকাই বেলা ১টার সময় বেল বাজে। দরজা খুলতে কয়েক জন সরকারি আধিকারিক দাবি করেন তাঁরা বাড়ি খালি করতে এসেছেন। তাঁরা হুড়মুড়িয়ে বাড়ির ভেতরে ঢুকে পড়েন। তাঁরা আমাদের ২ মিনিটও সময় দেননি। পুলিশ ও শ্রমিকরাও সেখানে হাজির হয়ে আমাদের ঘরের মধ্যে থেকে যাবতীয় জিনিসপত্র বাইরে ছুড়ে ফেলতে থাকেন। গোটা ঘটনায় হতভম্ব হয়ে যান আমার বাবা। বয়সের কারণেই তাঁর একাধিক শারীরিক সমস্যা রয়েছে।' মায়াধর রাউতের মেয়ে মধুমিতা রাউতের আরো অভিযোগ, 'যে সরকারি আধিকারিকরা এদিন উচ্ছেদ করবেন বলে হাজির হয়েছিলেন তাঁরা আমাদের কোনো নোটিশ দেখাননি। আমি তাঁদের অনুরোধ করি আমাদের একটা দিন সময় দিন। আদালতে আমাদের রিভিউ পিটিশন তালিকাভুক্ত আছে শুক্রবারের জন্য। কিন্তু ওরা আমাদের কোনো সময় দেননি। এত বছর ধরে আমার বাবা দেশের সেবা করেছেন। গুরু-শিষ্যা পরম্পরায় উনি এতজনকে পরম্পরা মেনে এত বছর ধরে শিখিয়েছেন। কিন্তু সেজন্য কোনো টাকা নেননি। আমার বাবার নিজস্ব কোনো সম্পত্তি, জমি কোনোকিছু নেই। ব্যাঙ্ক অ্যাকাউন্টে পরে রয়েছে মাত্র ৩ হাজার টাকা। এভাবে কেন ওঁর মতো শিল্পীকে রাস্তায় টেনে নামানো হল?'

গুরু মায়াধর রাউতকে রাস্তায় টেনে নামানোর জেরে সমালোচনার পরেও অবশ্য পিছু হটছে না কেন্দ্র। বুধবারই ৮ জন আরো বিশিষ্ট শিল্পীকে তাঁদের সরকারি বাসস্থান দ্রুত ২ মে'র মধ্যে খালি করার জন্য নোটিশ পাঠিয়েছে কেন্দ্র। কেন্দ্রীয় আবাসন ও পুরনগরোন্নয়ন দফতরের এক কর্তা জানান, ২৮ জন শিল্পীর মধ্যে ৮ জনকে সরকারি ফ্ল্যাট খালি করার জন্য একাধিকবার নোটিশ পাঠানো হলেও তাঁরা তা করেননি। তবে এই ৮ জন আমাদের আশ্বাস দিয়েছেন তাঁরা সরকারি বাংলো খালি করে দিচ্ছেন। এর জন্য তাঁরা আমাদের কাছে কিছুটা সময় চেয়েছেন। ৮ জন শিল্পী আমাদের লিখিতভাবে জানিয়েছেন তাঁরা ২ মে'র মধ্যে বাংলো খালি করে দেবেন।'

কেন্দ্রীয় সরকারের নীতি অনুযায়ী, সংস্কৃতিমন্ত্রকের সুপারিশে বিশেষ কোটায় ৪০ জনের মতো শিল্পী যাঁদের মাসিক আয় ২০ হাজার টাকার নীচে তাঁদের সরকারি বাংলো পেতে পারেন।

দিঘার জন্য বিশেষ ট্রেন

সুখবর ব্যুরো, কলকাতা: ভ্রমণপিপাসুদের ভিড় সামলাতে দিঘা যাওয়ার বাড়তি ট্রেন চালাবে দক্ষিণ পূর্ব রেল। ২৯ এপ্রিল থেকে ২৭ জুন পর্যন্ত রবি, সোম, শুক্র ও শনিবার হাওড়া দিঘার মধ্যে বিশেষ ট্রেন চালানো হবে। ট্রেনটি হাওড়া থেকে দুপুর ২টো ২৫-এ ছাড়বে। দিঘা পৌঁছোবে বিকেল ৫ টা৫০-এ। আবার দিঘা থেকে সন্ধে ৬টা ২৫-এ ছেড়ে রাত ৯টা ৪৫-এ হাওড়া পৌঁছোবে।

কলকাতা

■ ফরিদ শেখ ওরফে লিটু

১ পাতার পর

কমিশনার রাকেশ আস্থানা। জাহাঙ্গিরপুরীর ঘটনায় আরিফের পাশাপাশি মূলচক্রী হিসাবে ফরিদ শেখ ওরফে লিটুর নাম উঠে এসেছে। জানা গেছে, ফরিদ ওরফে লিটুর দিল্লির জাহাঙ্গিরপুরীতে মাংসের দোকান আছে। সেখানেই তার অন্য আত্মীয়স্বজনরাও থাকত বলে খবর। দিল্লি পুলিশের দাবি, ১৬ এপ্রিল হনুমান জয়ন্তীর দিন জাহাঙ্গিপুরীতে যেখানে সংঘর্ষ বাধে সেখানেই ছিল লিটু। যেখানে তার বিরুদ্ধে হিংসা ছড়ানোর অভিযোগ উঠে এসেছে। সূত্রের খবর, ঘটনার পরের দিনই দিল্লি থেকে কলকাতাগামী ট্রেন ধরে লিটু। পুলিশের হাত থেকে বাঁচতে পূর্ব মেদিনীপুরের তমলুকে নিজের কাকার বাড়িতে আশ্রয় নিয়েছিল লিটু। জাহাঙ্গিরপুরীর ঘটনার দিন থেকেই নিজের ফোন বন্ধ রেখেছিল লিটু। ট্রেনে ওঠার সময় মাত্র কয়েক মিনিটের জন্য ফোন অন করেছিল সে। এরপর কলকাতায় এসে শেষবার ফোন চালু করে সে। এরপর থেকেই তার ফোন বন্ধ ছিল। দিল্লি পুলিশ ফোনের সূত্র ধরেই পূর্ব মেদিনীপুরে এসে তদন্ত শুরু করে। গত কয়েক সপ্তাহ ধরে একাধিক অভিযুক্তর খোঁজে দিল্লির বিভিন্ন জায়গায় তদন্ত করে দিল্লি পুলিশ। মোবাইলের সূত্র ধরে দিল্লি পুলিশ জানতে পারে তমলুকে আত্মীয়র বাড়িতে গা ঢাকা দিয়েছে লিটু। বৃহস্পতিবার বিকেলে সেখান থেকেই দিল্লি পুলিশের বিশেষ শাখার গোয়েন্দারা লিটুকে গ্রেফতার করে। তবে তদন্তের স্বার্থে মুখ খোলেনি দিল্লি পুলিশ। যদিও লিটুর বোন সাবিনা বিবি দাবি করেন, 'আমার দাদা এই ঘটনায় জড়িত নয়। ইফতারের সময় জাহাঙ্গিপুরীতে ওই ঘটনাটি ঘটে। এরপর দাদা মীমাংসা করতে ওখানে যায়। ওখানে গিয়েই দাদা ফেঁসে যায়। ওর একহাতে সমস্যা রয়েছে। ওখানে দাদার মাংসের দোকান আছে। ও এই ঘটনায় একেবারেই জড়িত নয়।'

এই সফরে

১ পাতার পর

উন্নয়নের জন্য ন্যাশনাল জুডিশিয়াল ইনফ্রাস্ট্রাকচার অথরিটি অফ ইন্ডিয়া গঠনের জন্য কেন্দ্রের কাছে প্রস্তাব দিয়েছেন। এ নিয়ে রাজ্যগুলির মতামত জানতে চেয়ে তাদের কাছে ওই প্রস্তাব পাঠিয়েছে কেন্দ্রীয় সরকার। কারণ নিম্ন আদালত ও হাই কোর্টের পরিকাঠামো উন্নয়ন সংক্রান্ত বিষয়গুলিতে রাজ্য সরকারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

শান্তি ফিরলে আফস্পা প্রত্যাহার

১ পাতার পর

করার প্রচেষ্টায় অসমের কার্বি আংলঙে ও ত্রিপরায় শান্তি চুক্তির পথে এগিয়েছে সরকার। এদিন কার্বি আংলঙে একটি পশুচিকিৎসা বিজ্ঞান ও কৃষি কলেজ আর একটি মডেল সরকারি কলেজের শিলান্যাস করেন মোদী। দিফুতে পশুচিকিৎসা কলেজ, পশ্চিম কার্বি আংলঙে ডিগ্রি কলেজ ও পশ্চিম কার্বি আংলঙের কোলোঙ্গায় কৃষি কলেজের শিলান্যাস করেন তিনি। একটি সরকারি বিবৃতিতে বলা হয়েছে, ৫০০ কোটি টাকারও বেশি বাজেটের এই প্রকল্পের ফলে এই অঞ্চলে দক্ষতা বাড়ানোর ক্ষেত্রে ও কর্মসংস্থানের ক্ষেত্রে নতুন সুযোগ তৈরি করবে। এই অনুষ্ঠানে ২,৯৫০ এরও বেশি 'অমৃত সরোবর' প্রকল্পেরও শিলান্যাস করেন মোদী। পরে তিনি চলে যান ডিব্রুগড়ে অসম মেডিক্যাল কলেজে। সেখানে ডিব্রুগ ড় ক্যানসার হাসপাতালের সূচনা করেন। এছাড়াও এদিন প্রধানমন্ত্রী ডিব্রুগড়ের খনিকার ময়দানের এক সভা থেকে ভার্চুয়ালি ৬টি ক্যানসার হাসপাতালের উদ্বোধন করেন ও ৭টি ক্যানসার হাসপাতালের শিলান্যাস করেন। এদিন তাঁর সঙ্গে ছিলেন অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা, রাজ্যপাল জগদীশ মুখি, কেন্দ্রীয়মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল, শিল্পপতি রতন টাটা।

এদিন প্রধানমন্ত্রীর সফরের কারণে কার্বি আংলঙ ও ডিব্রুগড়ে স্থানীয় ছুটি ঘোষণা করে অসম সরকার। ডিব্রুগড়ে প্রধানমন্ত্রীর সভায় লোকজন আনার জন্য পরিবহণ দফতর ৫,০০০ বাসের ব্যবস্থা করে। ওইসব বাসে চেপে দলের নেতা ও কর্মীরা প্রধানমন্ত্রীর জনসভায় যোগ দেন। জানা গেছে, কার্বি আংলঙের সমাবেশে বিভিন্ন সাংস্কৃতিক গোষ্ঠীর ১৮,৫০০ সদস্য অনুষ্ঠান করেন। কার্বি জনজাতির এক লাখ নারী-পুরুষ জাতীয় পতাকা হাতে এদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে স্বাগত জানান বলেও খবর। —পিটিআই

আজ দুপুরে মানবাধিকার কমিশনের চেয়ারম্যান সময় দিলেন দোলাদের

প্রশান্ত ভট্টাচার্য

প্রয়াগরাজের ঘটনায় সাড়া

কলকাতা : আজ, শুক্রবার জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান সময় দিলেন তৃণমূলের সত্যানুসন্ধান কমিটিকে। তৃণমূল সূত্রে খবর, আজ দুপুর ১২টায় জাতীয় মানবাধিকার কমিশনের তরফে সময় দেওয়া হয়েছে তৃণমূলের প্রতিনিধিদের। দলীয় সূত্রে খবর, এই প্রতিনিধি দলে থাকবেন রাজ্যসভার সাংসদ দোলা সেন, সমাজকর্মী তথা তৃণমূল নেতা সাকেত গোখলে ও উত্তর প্রদেশের তৃণমূল নেতা ললিতেশ ত্রিপাঠী।

গত শুক্রবার উত্তর প্রদেশের প্রয়াগরাজে খেভরাজপুর নৃশংস ঘটনা ঘটে। একই পরিবারের ৫ জনকে হত্যা করা হয়। রবিবার প্রয়াগরাজের ওই গ্রামে গিয়ে নিহতদের পরিবারের লোকজনদের সঙ্গে কথা বলেছিল তৃণমূলের ৫ সদস্যের এই সত্যানুসন্ধান কমিটি। এই কমিটিতে ছিলেন, সাংসদ দোলা সেন, প্রাক্তন সাংসদ মমতাবালা ঠাকুর, রাজ্যের মন্ত্রী জ্যোৎস্না মান্ডি, তৃণমূল নেতা সাকেত গোখলে ও ললিতেশ ত্রিপাঠী। নিহতদের পরিজন ও স্থানীয় মানুষের সঙ্গে কথা বলে পরে মানবাধিকার কমিশনে লিখিতভাবে একটি চিঠিও দিয়েছিল এই কমিটি। শুক্রবার সরাসরি মানবাধিকার কমিশনের চেয়ারম্যানের সঙ্গে দেখা করে নিজেদের অবস্থান স্পষ্ট করবেন মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রতিনিধিরা। উত্তর প্রদেশের প্রয়াগরাজের থরবই থানার অন্তর্গত খেভরাজপুরে ২ বছরের এক শিশু-সহ একই পরিবারের ৫ জনকে কুপিয়ে খুন করে বাড়িতে আগুন ধরিয়ে দেয় দুষ্কৃতীরা। নিহতদের পরিবারের সদস্য সুনীল যাদবের সঙ্গে কথা বলে তৃণমূলের প্রতিনিধি দল। সুনীল সিবিআই তদন্তের দাবি করেন তৃণমূল নেতাদের কাছে। তিনি বলেন, 'আমার বোন ও স্ত্রীকে ধর্ষণ করা হয়েছে। তাঁদের দেহের ওপর কোনো কাপড় ছিল না। এটা বড়ো রকমের ষড়যন্ত্র। আমি এই ঘটনার সিবিআই তদন্ত চাই।' সুনীলের মুখ বিস্তারিত শুনে উত্তর প্রদেশ পুলিশের তদন্ত নিয়ে প্রশ্ন তোলেন তৃণমূলের প্রতিনিধি দল। এবার সরাসরি জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যানের কাছেই যোগী আদিত্যনাথের পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলবেন দোলা সেনরা। উল্লেখ্য, একুশের বিধানসভা নির্বাচন মিটে যাওয়ার পর ভোট-পরবর্তী সন্ত্রাসের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন যে সক্রিয়তা দেখিয়েছিল, উত্তর প্রদেশের ঘটনায় তারা সে ভাবে সরব হয় কি না, তা দেখতেই এমন কুশলী চাল দিয়েছে তৃণমূল।

লু'এর দাপট পেরিয়ে মাস পয়লায় বৃষ্টির পূর্বাভাস কলকাতা ও দক্ষিণবঙ্গে

শ্রীময়ী বসু

কলকাতা: এপ্রিলে নয়, মাস পয়লাতেই বৃষ্টির সম্ভাবনা আছে বঙ্গে। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে পয়লা মে থেকেই দক্ষিণবঙ্গে বৃষ্টির একটা সম্ভাবনা তৈরি হয়ে যাবে। বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে বৃষ্টি হবে। তাপপ্রবাহ পরিস্থিতির উন্নতি হবে কারণ দিনের সর্বোচ্চ তাপমাত্রাও কমবে। কলকাতায় ২ থেকে ৪ মে'র মধ্যে বৃষ্টি হতে পারে। ২ মে থেকে কলকাতা ও রাজ্যের বেশিরভাগ জেলাতেই বৃষ্টি হবে। আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা গণেশকুমার দাস বৃহস্পতিবার জানান, শুক্র ও শনিবার জেলাতে বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই। বৃহস্পতিবার স্বল্প মেয়াদের জন্য বাঁকুড়ায় বৃষ্টি হয়েছে। তেমনই দ-এক জেলাতে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হবে। ১ মে থেকে দক্ষিণবঙ্গে বজ্রবিদ্যুৎ-সহ ঝড়বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প বায়ুমণ্ডলে ঢুকবে। তাতে কমবে দিনের সর্বোচ্চ তাপমাত্রা। দিনের তাপমাত্রার পারদ দুয়েক ডিগ্রি নামলে হয়ত রাজ্যের পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে লু বা তাপপ্রবাহ হবে না। ১ মে থেকে দেখবেন হয়ত ৪-৫ জেলায় বৃষ্টি হচ্ছে। ২ মে থেকে দক্ষিণবঙ্গের সব জেলাতেই বৃষ্টি হবে। তবে গ্রীষ্মকাল বলে গরম থাকলেও বৃষ্টির জন্য হয়ত পারদ কিছুটা নিয়ন্ত্রণের মধ্যে থাকবে। বৃষ্টি হলেও দীর্ঘক্ষণ নয় হয়ত ঘণ্টাখানেকের মতো বৃষ্টি হবে। তাই গরম কমার জন্য বর্ষার মরসুমের জন্য অপেক্ষা করতে হবে।' এদিকে, বৃহস্পতিবার আলিপুর আবহাওয়া দফতর আরো জানিয়েছে, শুক্রবার পশ্চিমাঞ্চলের ৭ জেলা—পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, পূর্ব বর্ধমান আর বীরভূমে লু বইতে পারে। শনিবারও বাঁকুড়া, পুরুলিয়া, ঝাড়গ্রাম আর পশ্চিম মেদিনীপুরে তাপপ্রবাহ পরিস্থিতি থাকবে। যদিও পূর্ব বর্ধমান আর বীরভূমে দুয়েকটি জায়গায় বজ্রবিদ্যুৎ-সহ ঝড়বৃষ্টি হবে। ঘণ্টায় ৩০-৪০ কিমি গতিতে ঝোড়ো হাওয়া বইতে পারে। রবি ও সোমবার দক্ষিণবঙ্গের ১৩ জেলা—কলকাতা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, হাওড়া, হুগলি, পুরুলিয়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, পূর্ব বর্ধমান আর বীরভূম জেলায় বজ্রবিদ্যুৎ-সহ ঝড়বৃষ্টি হবে। ঘণ্টায় কোথাও কোথাও ৩০-৪০ কিমি কোথাও আবার ঘণ্টায় ৪০-৫০ কিমি গতিতে ঝোড়ো হাওয়া বইতে পারে। টানা কয়েকদিন ৪৪ ডিগ্রির ওপরে সর্বোচ্চ তাপমাত্রা থাকার পর এদিন বাঁকুড়ায় পারদ ছিল ৪২.৪ ডিগ্রিতে, যদিও তা স্বাভাবিকের চেয়ে ৪.৫ ডিগ্রি বেশি। পুরুলিয়াতে এদিন তাপমাত্রার পারদ উঠেছিল ৪৪.৩ ডিগ্রি, যা স্বাভাবিকের চেয়ে ৬.৫ ডিগ্রি বেশি। অল্প অল্প করে কিছুটা কমছে তাপমাত্রা। কারণ, দক্ষিণবঙ্গের জেলাগুলিতে ধীরে ধীরে অল্প মাত্রায় হলেও বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প ঢুকছে। জোরাল হচ্ছে দখিনা হাওয়ার তেজ। শনিবার পর্যন্ত কলকাতার তাপমাত্রা ৩৫-৩৬ ডিগ্রির আশপাশে ঘোরাফেরা করবে। সোমবার থেকে তা আরো কিছুটা কমবে। পশ্চিমাঞ্চলের জেলাগুলিতে এর চেয়ে তাপমাত্রা বেশি থাকলেও তা ঘোরাফেরা করবে ৩৮-৩৯ ডিগ্রির মধ্যে। মাঝেমধ্যে স্বস্তির বৃষ্টি হবে দফায় দফায়। যেমন বৃহস্পতিবার হয়েছে বাঁকুড়া জেলায়। বৃহস্পতিবার দুপুরে স্বস্তির বৃষ্টিতে ভিজতে রাস্তায় নেমে পড়েন বাঁকুড়ার মানুষ। তবে মাত্র ৮ মিনিট বৃষ্টি হয়।

■ গুরুগ্রামে দাবদাহ থেকে বাঁচতে দোপাট্টায় মুখ ঢাকা দুই তরুণীর

৫ রাজ্যে লু নিয়ে সতর্কতা জারি

সুখবর ব্যুরো, নয়াদিল্লি: বাংলার মতোই গরমে নাজেহাল উত্তর, উত্তর-পশ্চিম, মধ্য আর পূর্ব ভারতের বেশ কয়েকটি রাজ্য। বেশিরভাগ রাজ্যেই দিনের সর্বোচ্চ তাপমাত্রার পারদ চড়েছে ৪৫ ডিগ্রিতে। এখনো পর্যন্ত এসব রাজ্যে প্রখর গ্রীষ্মের গনগনে গনগনে আঁচে পুড়ছে। দিল্লি, রাজস্থান, হরিয়ানা, উত্তর প্রদেশ আর ওড়িশায় আগামী ৫ দিন লু বইবে বলে বৃহস্পতিবার সতর্কতা জারি করেছে নয়াদিল্লির মৌসম ভবন।

আবহাওয়া দফতরের তরফে জানানো হয়েছে, কমপক্ষে ৫ দিন এই ৫ রাজ্যে দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২-৩ ডিগ্রি বাড়বে। উত্তরপশ্চিম আর মধ্য ভারতে আগামী ৫ দিন তাপপ্রবাহ পরিস্থিতি থাকবে। পূর্ব ভারতে ৩ দিন বইবে লু। তারপর তাপপ্রবাহ পরিস্থিতি স্বাভাবিক হবে ধীরে ধীরে। যতদিন না পর্যন্ত বৃষ্টির জোরালো সম্ভাবনা তৈরি হচ্ছে ততদিন পর্যন্ত দিল্লি, হরিয়ানা, রাজস্থান, উত্তর প্রদেশ আর ওড়িশায় মে মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত এরকম ভাবেই লু বইতে থাকবে। ২ মে থেকে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে উত্তরপশ্চিম ভারতে। মধ্য প্রদেশ আর উত্তর প্রদেশে এখনই দিনের তাপমাত্রা ৪৫ ডিগ্রি পেরিয়ে গেছে। ১২২ বছরের মধ্যে মার্চ মাসে সবচেয়ে বেশি গরম দেখেছে ভারতবাসী এবছর। মার্চে গড় তাপমাত্রা ছিল ৩৩.১ ডিগ্রি। ২০১০ সালের মার্চে তাপমাত্রার রেকর্ড ভেঙে গেছে এবছরই।

গ্যাসের দাম ৩০০ টাকা কমানোর

১ পাতার পর

বিশ্বে তেলের দাম কমেছিল তখনো এখানে তেলের দাম কমায়নি কেন্দ্রীয় সরকার। তার মানে ওদের একটা রিজার্ভ তহবিল থাকবে। নিজের ইচ্ছামতো পার্টির স্বার্থে ওই তহবিল থেকে খরচ করবে। দেখাবে সরকারের কাজ। কিন্তু সবই তো পার্টির নামে অনুষ্ঠান।' কোভিড নিয়ে ডাকা বৈঠকে প্রধানমন্ত্রী যেভাবে পেট্রোল-ডিজেলের দাম কমানোর দায় রাজ্যগুলির ওপর চাপিয়েছেন তার ফের সমালোচনা করেছেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'আমার মনে হয় গতকাল মিটিংয়ের আলোচ্য সূচি কোভিড ছিল না।' উল্লেখ্য, গতকাল কোভিড নিয়ে মুখ্যমন্ত্রীদের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে প্রধানমন্ত্রী জানান পশ্চিমবঙ্গ-সহ অন্যান্য বিরোধী রাজ্যগুলি পেট্রোল, ডিজেলের দাম কমাচ্ছে না। যার ফল ভুগতে হচ্ছে সাধারণ মানুষকে। এর তীব্র প্রতিবাদ করে মুখ্যমন্ত্রী পরে সাংবাদিক বৈঠকে বলেছিলেন, 'বৈঠকে মুখ্যমন্ত্রীদের বলার কোনো সুযোগ ছিল না। প্রধানমন্ত্রী একতরফাভাবে বলে গেছেন। এটা বিভ্রান্তিকর।'

এদিনও মুখ্যমন্ত্রী বলেন, 'মানুষের পকেট কেটে আয় করছে কেন্দ্র। তুমি দাম বাড়াবে, রাজ্যের প্রাপ্য বকেয়া দেবে না। আর দাম কমাতে হবে রাজ্যকে! ভালো কাজের কৃতিত্ব কেন্দ্র নেবে। আর মানুষ বিপদে পড়লে দায় রাজ্যের!' এদিন কংগ্রেস নেতা রাহুল গান্ধীও প্রধানমন্ত্রীর মন্তব্যের সমালোচনা করেছেন।

উল্লেখ্য সম্প্রতি বিরোধী রাজ্যের মুখ্যমন্ত্রী ও বিরোধী নেতানেত্রীদের চিঠি পাঠিয়ে বিজেপির বিরুদ্ধে আন্দোলনে নামার আহ্বান জানিয়েছিলেন মমতা। তিনি কি ফের সেরকম চিঠি দেবেন? এনিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী বলেন, 'চিঠি দিলে তো জবাব দেয় না। চিঠি তখনই দেওয়া উচিত যদি চিঠির জবাব পাওয়া যায়।'

মেট্রো রেলওয়ে, কলকাতা

প্রিন্সিপ্যাল চিফ ইঞ্জিনিয়ার, মেট্রো রেলওয়ে কর্তৃক নিম্নলিখিত কাজের ই-টেন্ডারিং-এর জন্য টেন্ডার বিজ্ঞপ্তি আহ্বান করা হচ্ছে: **কাজের নাম:** মেট্রো রেলওয়ে, কলকাতার গীতাঞ্জলি স্টেশনে ট্র্যাকশন সাব-স্টেশন (টিএসএস)-এর নির্মাণ। **কাজের আনুমানিক মূল্য:** ১,৪৪,৯৫,১২৩.২৪ টাকা। **বায়না অর্থ:** ২,২২,৫০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ:** নয় (৯) মাস। **বন্ধ হওয়ার তারিখ ও সময়:** ৩০.০৫.২০২২ তারিখ দুপুর ১২টা। যে ওয়েবসাইট থেকে টেন্ডার নথি ও অন্যান্য বিশদ পাওয়া যাবে: www.ireps.gov.in যদি কোনো পরিমার্জন/সংশোধন থাকে, তাহলে তা কেবলমাত্র ওয়েবসাইটেই উল্লেখিত করা হবে।

সংক্ষিপ্ত ই-টেন্ডার নোটিস নং. সিভিল-২৩৮৮-২০২২ (ওপেন)

হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড (ইন লিকুইডেশন)-এর সম্পত্তি বিক্রয়ের বিজ্ঞপ্তি

(০২.০৫.২০১৯ তারিখে মাননীয় এনসিএলটি দ্বারা জারি নির্দেশিকা অনুযায়ী কোম্পানীটি লিকুইডেশন প্রক্রিয়ার অন্তর্গত)

রেজিস্টার্ড অফিস: সাউথ টাওয়ার, চতুর্থ তল, স্কোপ মিনার কমপ্লেক্স, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, নিউ দিল্লি - ১১০০৯২

ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি কোড, ২০১৬ অনুযায়ী লিকুইডেশন প্রক্রিয়ায় থাকা (বৈদ্যুতিন নিলামের পদ্ধতির নথি দেখতে পারেন) হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেড কোম্পানীর নিম্নোক্ত সম্পত্তি বৈদ্যুতিন নিলামের মাধ্যমে ৩০.০৫.২০২২ তারিখে দুপুর ১২টা থেকে বিকেল ৪টার (প্রত্যেক সময় ৫ মিনিট করে অতিরিক্ত ধরে) মধ্যে বিক্রয় করার জন্য **যেখানে যেমন সেখানে তেমন, যেটি যেমন সেটি তেমন, এটি যেমনই হোক ও কোনো পরিবর্তন ছাড়াই** বিক্রি করার জনবিজ্ঞপ্তি জারি করা হচ্ছে ও বৈদ্যুতিন নিলামের পরিষেবা দেবে মেসার্স ই-প্রকিওরমেন্ট টেকনোলজিস লিমিটেড (অকশন টাইগার)। নিম্ন স্বাক্ষরিত ব্যক্তির মাধ্যমে নিম্নোক্ত সম্পত্তি এই ই-অকশন প্ল্যাটফর্মের মাধ্যমে বিক্রয় করা হবে: https://ncltauction.auctiontiger.net

স্থান / সম্পত্তি	ঠিকানা / এলাকা	লট	সংরক্ষিত মূল্য	ইএমডি (টাকায়)
দিল্লির অফিস (লিজহোল্ড প্রপার্টি) স্কোপের ২৪.০৮.২০২১ তারিখে লেখা চিঠি ও অন্যান্য দাবি ও শর্তাবলী অনুযায়ী লট-১-এর নিলাম শুধুমাত্র পিএসইউ সংস্থার মধ্যে সীমাবদ্ধ থাকবে।	স্কোপ মিনার, চতুর্থ তল, সাউথ টাওয়ার, কোর-৪, লক্ষ্মী নগর, ডিস্ট্রিক্ট সেন্টার, দিল্লি - ১১০০০২ কমবেশি ৫৪৭.৬৪ বর্গমিটার	লট-১	৪.৫২ কোটি	৪৫ লাখ
নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড-এর ১০০ টাকা করে ১,১৩,৬২,২৩১টি ইকুটি শেয়ার।	নাগাল্যান্ড পাল্প অ্যান্ড পেপার কোম্পানি লিমিটেড (CIN - U21012NL1971SGC001349), রেজি. অফিস- পেপার নগর, পো: তুলি, জেলা: মোকোকচুং, নাগাল্যান্ড-৭৯৮৬২৩	লট-২	৬.৬১ কোটি	৬৫ লাখ
মারুতি সুজুকি সুইফট ডিজায়ার- এলএক্সআই ডব্লু বি০২এজে৮৬৬৯, পেট্রোল, নথিভুক্ত তারিখ: ১১.০৭.২০১৬ করের বৈধতার সময়সীমা: ১০.০৭.২০২১	এইচসি ব্লক, ক্যালকাটা হার্ট ক্লিনিক ও হসপিটালের কাছে, আইসি রোড, সেক্টর-III, সল্টলেক সিটি, কলকাতা, পশ্চিমবঙ্গ, ৭০০১০৬	লট-৩	২.৪৩ লাখ	২৪,০০০

ইওআই জমা দেওয়ার শেষ দিন: ০৭.০৫.২০২২, বিকেল ৫টা। কোনো ইওআই ০৭.০৫.২০২২ তারিখের বিকেল ৫টার মধ্যে জমা না পড়লে নিলাম বাতিল হয়ে যাবে। http://hindpaper.in এই ওয়েবসাইটে আপলোড করে ইওআই চেয়ে নেওয়া হবে। বৈদ্যুতিন নিলাম সংক্রান্ত সমস্ত নথিপত্র, নির্দেশাবলী ও শর্তাবলী পাওয়া যাবে এই ওয়েবসাইটে https://ncltauction.auctiontiger.net এছাড়া সমস্ত বিষয়ে যোগাযোগ করবেন এই ই-মেল আইডিতে: kuverma@gmail.com / liquidation.hpcl@gmail.com.

কুলদীপ বর্মা
হিন্দুস্তান পেপার কর্পোরেশন লিমিটেডের লিকুইডেটর
আইবিবিআই রেজিস্ট্রেশন নং- আইবিবিআই / আইপিএ-০০১ / আইপি-পি০০০১৪ / ২০১৬-১৭ / ১০০৩৮
রেজিস্টার্ড ঠিকানা: ৪৬ বি.বি গাঙ্গুলী স্ট্রিট, পঞ্চম তল, ইউনিট নং- ৫০১, কলকাতা- ৭০০০১২
রেজিস্টার্ড ই-মেল: kuverma@gmail.com, ফোন: +৯১ ৯৮৩৬০ ৭৭৯০০
তারিখ: ২৯.০৪.২০২২, স্থান: কলকাতা